আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১৭ জানুয়ারি, ২০২৪ ২১:১৯

শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক সহায়তার চেক বিতরণ

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে অনুমোদিত চিকিৎসা, উচ্চ শিক্ষা ও মৃত শ্রমিকের ২৩০টি পরিবারকে ৯১ লক্ষ ৭০ হাজার টাকার আর্থিক সহায়তার চেক বিতরণ করেছে।

গাজীপুরের জেলা প্রশাসন ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আয়োজনে বুধবার দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের ভাওয়াল সম্মেলন কক্ষে এ চেক বিতরণ করা হয়।

গাজীপুর জেলা প্রশাসক আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এহছানে এলাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইন্ডাস্ট্রিয়াল পলিশের গাজীপুর-২ পুলিশ সুপার সারোয়ার আলম, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উপ-কমিশনার আবু তোরাব মো. শামছুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো: হুমায়ুন কবির।

এ সময় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর গাজীপুরের উপমহাপরিদর্শক আহমেদ বেলাল, সহকারি মহাপরিদর্শক (সাধারণ) মো: মোতালেব মিয়া উপস্থিত ছিলেন।

বিডি প্রতিদিন/এএ